# জামায়াত আমিরের সঙ্গে বৈঠক প্রসঙ্গে ভারতের বক্তব্য



সংগৃহীত ছবি

গত বছরের শুরুতে জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে ভারতের একজন কূটনীতিকের সাক্ষাৎ হয়েছিল—এ তথ্য প্রকাশ্যে আসে বিদায়ী বছরের শেষ দিকে। বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে বিষয়টি নিজেই উল্লেখ করেন ডা. শফিকুর রহমান।

শুক্রবার (১৬ জানুয়ারি) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাপ্তাহিক ব্রিফিংয়ে এ নিয়ে প্রশ্ন ওঠে। এক সাংবাদিক জানতে চাইলে মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বৈঠকের বিষয়টি স্বীকার করেন। তিনি বলেন, বাংলাদেশের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক রয়েছে এবং হাইকমিশনের কর্মকর্তারা নিয়মিত বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক পক্ষের সঙ্গে যোগাযোগ রাখেন। জামায়াতের সঙ্গে ওই সাক্ষাৎকেও এই প্রেক্ষাপটেই বিবেচনা করা উচিত বলে মন্তব্য করেন তিনি।

এর আগে রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে ডা. শফিকুর রহমান জানান, ২০২৫ সালে বাইপাস সার্জারির পর ভারতের এক কূটনীতিক তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন। তবে অন্যান্য দেশের কূটনীতিকদের মতো প্রকাশ্যে সৌজন্য সাক্ষাৎ না করে ভারতীয় কূটনীতিক বিষয়টি গোপন রাখতে অনুরোধ করেছিলেন বলেও তিনি উল্লেখ করেন।

সাক্ষাৎকার প্রকাশের পর বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা শুরু হলে, পরে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এ বিষয়ে একটি ব্যাখ্যামূলক বক্তব্য দেন জামায়াত আমির।